বর্তমান শেখ হাসিনা সরকার কৃষকের উন্নয়নে কাজ করে যাচ্ছেঃ ডক্টর সামছুল হক চৌধুরী

চেম্বার ডেস্ক: সুনামগঞ্জ-২ দিরাই-শাল্লা আসনে নৌকার মনোনয়ন প্রত্যাশী বিশিষ্ট শিক্ষাবীদ, রাজনীতিবিদ ও সমাজ-সেবক, বাংলাদেশ আওয়ামী লীগের বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক কেন্দ্রীয় উপ-কমিটি সাবেক সদস্য, যুক্তরাজ্য জাতীয় শ্রমিকলীগের সভাপতি ডক্টর সামছুল হক চৌধুরী।

তিনি আজ ৮ই সেপ্টেম্বর ২০২৩ ইং রোজ রবিবার শাল্লা উপজেলার উপজেলার মেধার বাজার, প্রতাপ পুর বাজার ও কুলার বাজারে তৃনমুল আওয়ামীলীগ এবং বিভিন্ন অঙ্গ সংঘটনের নেতৃবৃন্ধকে নিয়ে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার উন্নয়নের লিফলেট বিতরন এবং গনসংযোগ করেন।

গনসংযোগকালে তিনি জনগনের উদ্যেশ্যে বলেন বর্তমান শেখ হাসিনা সরকার কৃষকবান্ধব সরকার, কৃষকের উন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুযোগ্য নেতৃত্বে দেশ মাটি ও মানুষের কল্যাণে নিজেকে উৎসর্গ করেছি। আমার প্রত্যাশা সকল রাজনৈতিক নেতৃবৃন্দ সহ সর্বস্তরের মানুষকে নিয়ে একটি পরিচ্ছন্ন, স্মার্ট ও আধুনিক দিরাই-শাল্লা গড়া তোলা। আমি আমার জীবনের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে একটি জনবান্ধব ও নাগরিক সেবার দিয়ে দিরাই-শাল্লা গড়ে তুলতে চাই।

আমি আপনাদের সন্তান হিসেবে এ এলাকার আর্থ-সামাজিক কল্যানে দীর্ঘ ৩৭ বছর যাবত কাজ করে যাচ্ছি। জাতিরজনক বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী দেশরত্ন শেখ হাসিনার হাত ধরে বদলে যাওয়া আধুনিক ও স্মার্ট বাংলাদেশের একজন গর্বিত অংশীদার হয়ে আপনাদের পাশে থেকে কাজ করতে চাই।
আপনারা আমার জন্য আমার নেত্রীর জন্য দুয়া করবেন, আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গঠনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিকল্প নেই। আগামীতে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে শ্রমজীবী ও খেটে

খাওয়া মানুষের প্রতি আহব্বান জানান।

আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে সম্ভাব্য এমপি প্রদপ্রার্থী জনাব সামছুল হক চৌধুরী বলেন, আমার রাজনীতির মূল উদ্দ্যেশ হলো কৃষক, শ্রমিক, দরিদ্র, অসহায় ও বঞ্চিত মানুষের কল্যাণে কাজ করা।